

া স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ ও নামায পড়ার জায়গা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নামাযীর সামনে বেয়ে পার হওয়া হারাম

মহানবী (ﷺ) বলেন, "যে নামাযীর সামনে বেয়ে পার হয়, সে যদি জানত যে, এতে তার কত পাপ হবে, তাহলে সে ৪০ (বছর বা মাস বা দিন নামাযীর সালাম ফিরার) অপেক্ষা করাকে ভাল মনে করত, তবুও নামাযীর সামনে বেয়ে অতিক্রম করত না।" (বুখারী, মুসলিম, মিশকাত ৭৭৬ নং)

অবশ্য নামাযীর সামনে সুতরা থাকলে পার হওয়া হারাম বা গুনাহর কাজ নয়। অনুরূপ সুতরাহ্ না থাকলেও যদি নামাযীর সামনে প্রায় ৩ হাত দূর থেকে পার হয়, তাহলেও গুনাহ হবে না। (মাজমূ' ফাতাওয়া, ইবনে বায ২/২৬৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2843

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন